# কালীগঞ্জ উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব জহির ইমাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, কালীগঞ্জ, লালমনিরহাট।

সভার তারিখ : ২৫/০৯/২০২৪।

সময় : বেলা: ১১.৩০টায়।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

অনুপস্থিতি : পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে জনাব জহির ইমাম, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে দাপ্তরিক কার্যক্রম সভায় উপস্থাপনের জন্য সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম পরিচালনা করেন।

০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

সভায় ২৯/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিত আগস্ট ২০২৪ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

০২। বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত : বিভাগওয়ারী বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

(i) স্বাস্থ্য বিভাগ :

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার দাপ্তরিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, বর্তমানে তার দপ্তরে ডাক্তারের মঞ্জুরীকৃত পদ ২৯টি, কর্মরত ১১জন এবং শূন্য পদ রয়েছে ১৮টি। হাসপাতালে নার্সের মঞ্জুরীকৃত পদ ৩৯টি কর্মরত ৩৮জন এবং শূন্য পদ ০১টি। বহি: বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৪৪২২জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১৮৫০জন এবং আন্ত: বিভাগে ভর্তি ৬৯৯জন। ইসিজি সেবা প্রদান ১২০জন এবং আল্ট্রাসনোগ্রাম ০৭জন, এক্স-রে পরীক্ষা ৩৫২জন, প্যাথলজিক্যাল পরীক্ষা ৫১৬জন, স্বাভাবিক প্রসব ৩৪জন, সিজারিয়ান ০১জন, মেজর সার্জারী ০১জন এবং মাইনর সার্জারী ২৫৭জন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে স্বাস্থ্য সেবার মান উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ii) কৃষি বিভাগ :

উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। কালীগঞ্জ উপজেলায় ১৭২৮০ হেক্টর জমির মধ্যে আমন ধান রোপন করা হয়েছে। যা ২০ ভাগ পিআই এবং ৭০ ভাগ বুটিং অবস্থা ফুল ৫ ও দুধ ৫ ভাগ বিরাজ করছে। সমস্ত রোপা আমন ধানের জমিতে সারের ২য় কিস্তি সম্পন্ন হয়েছে। প্রণোদনা কর্মসূচির মাধ্যমে ২০২৪-২৫ অর্থ বছরের হাইব্রিড উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৩২০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে, শীতকালীন পেঁয়াজ ও মুগডাল ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫২১০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে, প্রণোদনা কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের খরিফ/২০২৪-২০২৫ অর্থ বছরে মৌসুমে পাট ফসল আবাদ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৩৬০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে, উফশী আউশ ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৩৬০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে এবং চলতি মৌসুমে ধানের উৎপাদন বৃদ্ধি অব্যাহত রাখতে ১৭০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে রোপা আমন ধানের সার ও বীজ বিতরণ করা হয়েছে। অনাবাদী পতিত জমিতে ৩২৪টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে এবং ১.৫ কিলোমিটার রাস্তার ধারে সজিনার চারা রোপন করা হয়েছে। বজ্রপাতের রোধ থেকে রক্ষার নিমিত্ত ১০০টি তালের চারা রোপন করা হয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

(iii) প্রাণিসম্পদ বিভাগ :

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। তিনি জানান যে, এ উপজেলায় সেপ্টেম্বর/২০২৪ মাসে সংকর জাতের গবাদি পশুর বাছুরের সংখ্যা ২৩৩টি ও গবাদী পশুর চিকিৎসা সংখ্যা ২১৯২টি। টিকা প্রদানকারী গবাদী পশুর সংখ্যা ৬০৬৪টি। হাঁস-মুরগীর সংখ্যা ৫৮০০০টি। চিকিৎসা প্রদানকারী হাঁস-মুরগীর সংখ্যা ১২০৩৮টি এবং পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০৪টি যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। এছাড়া পশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ সংখ্যা ০৮টি, ডিজিজ সার্ভিলেন্স সংখ্যা ০২টি, খামারি প্রশিক্ষণ প্রদান সংখ্যা ০জন। এছাড়া তিনি আরও জানান যে, গতমাসে ১৪৮৫.৭৫ মেট্রিক টন দুধ ও ১৪৬২.২৯ মেট্রিক টন মাংস এবং ৪৩ লক্ষমাত্রা ডিম উৎপাদন করা হয়েছে মর্মে সভায় জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(iv) উপজেলা প্রকৌশলী :

(ক) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি'র আওতায় থোক বরাদ্দ এখন পর্যন্ত পাওয়া যায়নি মর্মে এডিপি'র চূড়ান্ত প্রকল্প তালিকা হতে কোন প্রকল্প এখন পর্যন্ত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হয়নি। কিন্তু উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় চূড়ান্ত প্রকল্পসমূহের মধ্যে ৭০% প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে এবং ৩০% কাজ চলমান রয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে উন্নয়ন তহবিলের আওতায় চূড়ান্ত প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(v) মৎস্য বিভাগ :

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, প্রতি বছরের ন্যায় এবারো ১৩ অক্টোবর ২০২৪ হতে ০৩ নভেম্বর ২০২৪ পর্যন্ত মোট ২২দিন ব্যাপী সারাদেশে আমাদের জাতীয় মাছ ইলিশ পরিবহণ ও ক্রয়-বিক্রয় আয়ত্বে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। তাই তিনি এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(vi) পরিবার পরিকল্পনা বিভাগ :

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সংক্রান্ত কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছেন পুরুষ ০জন, মহিলা ২জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতি গ্রহণ করেছেন আই ইউ ডি ৩২জন, ইমপ্ল্যান্ট ৫০জন। অস্থায়ী পদ্ধতি (ক) খাবার বড়ি বিতরণ (সুখী) ২২চক্র, (খ) খাবার বড়ি বিতরণ (আপন) ৪৩চক্র, কনডম ৪৪৬১পিস, ইনজেকটেবলস ৭০৬ (ভায়াল) বিতরণ করা হয়েছে। তিনি জানান মোট সক্ষম দম্পতি ৫৫৪৩৮জন এবং মোট পদ্ধতি গ্রহণকারী ৪৩৮৮১জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৯.১৫%। মা ও শিশু কার্যক্রম সম্পর্কে তিনি আরও জানান যে, নিবন্ধনকৃত গর্ভবতী মায়ের সংখ্যা পুরাতন ৮০৩জন, নতুন গর্ভবতী ৩১৭জন মোট গর্ভবতী ১৭৪৩জন এবং ২৫১০জন গর্ভবতীর পরিচর্যা করা হয়েছে। ২২১জন নরমাল ডেলিভারী, সিজারিয়ান ০জন এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারী ১৯জন। ০-৫ বছরের শিশুর সেবা প্রদান করা হয়েছে ২৭২৫জন। কিশোর-কিশোরী বয়ঃসন্ধিকাল সেবা দেয়া হয়েছে ৬৫৯০জনকে এবং সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে ৪৫৯১জনকে। অত্র উপজেলায় ৪০টি স্যাটেলাইট কমিউনিটি ক্লিনিকের মধ্যে সম্পাদিত হয়েছে ৩৪টি। তিনি আরও জানান যে, মাঠ পর্যায়ে বাড়ী বাড়ী দম্পতি রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম অব্যাহত রাখাসহ বিভাগীয় কর্যক্রম গতিশীল করার অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(vii) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, দূর্যোগ ব্যবস্থাপণা মন্ত্রণালয়ের অধীন ০৭টি ব্রীজের কাজ চলমান রয়েছে। এইচবিবি প্রকল্পের আওতায় ০৭টি ব্রীজের টেন্ডার হয়েছে এবং ঠিকাদার নির্বাচন হয়েছে। গার্ডার ব্রীজের ০৭টির টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন।

সিদ্ধান্ত : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে গৃহিত প্রকল্পের সকল কাজ নজরদারি রাখাসহ দ্রুত সম্পন্নকরণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

(viii) মাধ্যমিক শিক্ষা বিভাগ :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, মাধ্যমিক এবং কলেজ পর্যায়ে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক স্বল্পতা রয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানগণকে আগামী ৩১/০৯/২০২৪ তারিখের মধ্যে ই-রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পূর্ণ করতে হবে এবং ১৭ অক্টোবর ২০২৪ তারিখ থেকে বার্ষিক জরিপ শুরু হবে মর্মে সভায় জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(ix) প্রাথমিক শিক্ষা দপ্তর :

উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, সরকারি প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন কাজ চলমান রয়েছে। শিক্ষকগণ বিদ্যালয়ে যথানিয়মে আগমন ও প্রস্থান করেছেন। এসএমসি বাতিল করায় বর্তমানে এডহক কমিটিদ্বারা এসএমসি কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(x) সমাজসেবা বিভাগ :

উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হলো না।

সিদ্ধান্ত : উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xi) জনস্বাস্থ্য প্রকৌশলী :

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হলো না।

সিদ্ধান্ত : উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট-কে পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xii) সমবায় বিভাগ :

উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হলো না।

সিদ্ধান্ত : উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(xiii) মহিলা বিষয়ক দপ্তর :

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হলো না।

সিদ্ধান্ত : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xiv) পল্লী উন্নয়ন :

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, তার দপ্তরের আওতায় পুঁজি গঠন ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খেলাপী ঋণ আদায়ে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা পল্লী ভবনে আগত সমবায়ী/সদস্যদের টয়লেট ব্যবহারের অসুবিধার সম্মুখীন হতে হয়। তাই টয়লেটটি মেরামত করে দেওয়ার জন্য অনুরোধ করেন এবং হলরুমে বিভিন্ন সময়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকায় উক্ত হলরুমটি মেরামত ও ১০টি ফ্যান বরাদ্দ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

**(xv) যুব উন্নয়ন বিভাগ :**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, চলতি অর্থবছরে এ যাবৎ প্রশিক্ষণার্থীর সংখ্যা ৮৮০২জন। অত্র কার্যালয় হতে ঋণ বিতরণ করা হয়েছে ২,০৬,৯৪,৫০০/- (দুই কোটি ছয় লক্ষ চুরানব্বই হাজার পাঁচশত) টাকা ১০৪৮ জনের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে। চলমান আদায়যোগ্য টাকা ১,৯৩,৫৯,৩৬০/-, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য টাকা ১,৬২,৯৪,২৪৩/- টাকা। ঋণ আদায় হার ৮৪%। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় জানান।

সিদ্ধান্ত : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

**(xvi) ফরেষ্টার উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র :**

ফরেষ্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হলো না।

সিদ্ধান্ত : ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট-কে পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

০৪। **বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত :**

(ক) চেয়ারম্যান, ভোটমারী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ১নং ভোটমারী ইউনিয়নের পুরাতন ভবনটি দরজা জানালা না থাকায় দীর্ঘদিন ধরে পরিত্যক্ত অবস্থায় রয়েছে। তাই যে কোন মুহুর্তে ভবনটি ভেঙ্গে গিয়ে দূর্ঘটনার সম্ভবনা রয়েছে মর্মে ভবনটি কনডেম ঘোষণা করে নিলাম প্রক্রিয়ার মাধ্যমে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত ভবনটির কনডেম ঘোষণা করে নিলাম প্রক্রিয়া সম্পন্নকরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে ১নং ভোটমারী ইউনিয়নের পুরাতন ভবনটি দ্রুত কনডেম ঘোষণাপূর্বক নিলাম প্রক্রিয়ার সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় সেপ্টেম্বর ও অক্টোবর ২০২৪ মাসের উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের খাতওয়ারি ব্যয় বিল সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে তিনি জাতীয় শিক্ষক দিবস/২৪ অনুষ্ঠান এর ব্যয় সহ খেলাধুলা ও সাংস্কৃতিক খাত, পরিষ্কার ও পরিচ্ছন্ন খাত, অপ্রত্যাশিত খাত, অফিস রঞ্জাম ক্রয় খাত, আসবাবপত্র মেরামত খাত, রক্ষনাবেক্ষণ খাত, জীপগাড়ী জ্বালানী ও সার্ভিসিংকরণ (নভেম্বর ২০২৪ পর্যন্ত) ও বিবিধ খাত হতে বিভিন্ন তারিখ ও সময়ে জরুররী ভিত্তিতে ব্যয় বিল পরিশোধ করা হয়েছে। উক্ত খাতওয়ারী ব্যয় বিলের ভাউচারসমূহ সভায় উপস্থাপন করেন। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত খাতওয়ারী বিলসমূহ জনস্বার্থে হওয়ায় পরিশোধের জন্য সভায় সকল সদস্যগণ একমত পোষণ করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত খাতওয়ারী বিলসমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে খাতওয়ারি পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(গ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের তুষভান্ডার ইউনিয়নের বৈরাতী মৌজায় মন্থবারে বাড়ীর পার্শ্বে ০১ (এক) টি কালভার্ট নির্মাণ ১৮,০০,০০০/- (আঠার লক্ষ) টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছিল যা জনগুরুত্বপূর্ণ না হওয়ায় এবং অর্থ বরাদ্দ পাওয়া না যাওয়ায় প্রকল্পটি পূর্বের টেন্ডার আনুযায়ী স্থান পরিবর্তন করে (দুল্লার বাজারের চররাটারী আরএনজিপিএস সরকে কালভার্ট নির্মান) করনের জন্য সভায় উপস্থাপন করেন। উক্ত বিষয়ের উপরে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পটির স্থান পরিবর্তন করে বাস্তবায়নের জন্য সকল সদস্যগণ একমত পোষণ করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তুষভান্ডার ইউনিয়নের বৈরাতী মৌজায় মন্থবারে বাড়ীর পার্শ্বে কালভার্ট নির্মাণ প্রকল্পটি পূর্বের টেন্ডার আনুযায়ী স্থান পরিবর্তন করে (দুল্লার বাজারের চররাটারী আরএনজিপিএস সরকে কালভার্ট নির্মান) প্রকল্পটি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। উল্লেখ্য যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলায় অনুমোদিত প্রকল্প সমূহ বাস্তবায়ন হওয়ার পরে (দুল্লার বাজারের চররাটারী আরএনজিপিএস সরকে কালভার্ট নির্মান) প্রকল্পটি বাস্তবায়ন করা হবে মর্মে সভায় সকল সদস্যগন একমত পোষন করেন।



CamScanner

(ঘ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট ভোটমারী ইউনিয়নের ৭নং ওয়ার্ডের শ্রুতিধর জামানপাড়া মসজিদ সংলগ্ন রাস্তার পুকুর পাড়ে প্যালাসাইডিং নির্মাণ করা একান্ত প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন। তাই ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি'র বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রকল্প (বাস্তবায়নে পিআইসি) মাধ্যমে সম্পন্নকরণের জন্য দ্রুত উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে প্রকল্প গন্থহণপূর্বক তা বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় সকল সদস্যগণ একমত পোষণ করলে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে ভোটমারী ইউনিয়নের ৭নং ওয়ার্ডের শ্রুতিধর জামানপাড়া মসজিদ সংলগ্ন রাস্তার পুকুর পাড়ে প্যালাসাইডিং নির্মাণ সংক্রান্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রকল্প গন্থহণপূর্বক (বাস্তবায়নে পিআইসি) মাধ্যমে সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঙ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলা প্রেসক্লাব এর আবেদনের প্রেক্ষিতে প্রেসক্লাব এর ভিতরে ০১টি এসি প্রতিস্থাপন করা একান্ত প্রয়োজন। যা ২০২৪-২৫ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিল থেকে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা (বাস্তবায়নে পিআইসি) মাধ্যমে এসি ক্রয়পূর্বক স্থাপনের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থাপনকৃত বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে সকল সদস্যগণ একমত পোষণ করলে তা অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : ২০২৪-২৫ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিল থেকে কালীগঞ্জ উপজেলা প্রেসক্লাবের জন্য ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা (বাস্তবায়নে পিআইসি) মাধ্যমে এসি প্রতিস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে প্রাক্কলন প্রস্তুতপূর্বক বিল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে প্রশাসক, উপজেলা পরিষদ ও সভাপতি সকলের সাথে সকলের সু-সম্পর্ক বজায় রেখে জনসাধারণের উন্নয়নকল্পে কাজ করার আহবান জানান এবং সকল দপ্তরের বিভাগীয় প্রধানগণকে দাপ্তরিক কাজকর্মে মনোযোগী হয়ে আন্তরিকতার সহিত সেবা প্রদানের জন্য পরামর্শ প্রদান করেন।

অতঃপর সভায় আর অন্য কোন আলোচনা না থাকায় সকলকে দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫।৯।২৪

(জহির ইমাম)
তারিখঃ- ২৫-০৯-২০২৪
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
কালীগঞ্জ, লালমনিরহাট।

উপজেলা পরিষদ কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।

স্মারক নম্বরঃ- ০৫.৪৭.৫২৩৯.০০০.০৩.০৪৮.২৪-৯১(৩৫)

তারিখঃ ২৪ আশ্বিন ১৪৩১ / ০৯ অক্টোবর ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
৬। উপজেলা ---------------------------------------------------------------------- কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
৭। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান --------------------------------------------- (সকল) ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট।

৯।১০।২৪

(জহির ইমাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

My Documents: E: Resulation : 25-09-2024

CamScanner

পরিশিষ্ট ''ক'' উপস্থিতি সদস্য স্বাক্ষরের ক্রমানুযায়ী (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ১১. | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ২. | চেয়ারম্যান, ভোটমারী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১২. | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৩. | চেয়ারম্যান, মদাতী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৩. | উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৪. | চেয়ারম্যান, তুষভান্ডার ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৪. | উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৫. | চেয়ারম্যান, দলগ্রাম ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৫. | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৬. | চেয়ারম্যান, চন্দ্রপুর ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৭. | প্যানেল চেয়ারম্যান, গোড়ল ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৭. | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৮. | প্যানেল চেয়ারম্যান, চলবলা ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৯. | প্যানেল চেয়ারম্যান, কাকিনা ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৯. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১০. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ২০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |

পরিশিষ্ট ''খ''-তে সদস্য অনুপস্থিত দেখানো হলো :

| | |
|---|---|
| ১. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ২. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৩. | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ |
| ৪. | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৫. | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট |



CamScanner